গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, স্বাস্থ্য সেবা বিভাগঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ২০

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ২১

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২৭

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

জনগণের স্বাস্থ্য সেবার মানোন্নয়নে বিগত ৩ বৎসরে স্বাস্থ্য খাতে ব্যাপক সাফল্য অর্জিত হয়েছে। ২০১৪ সালে শিশু ও নবজাতক মৃত্যুর হার হ্রাস পেয়ে প্রতি হাজার জীবিত জন্মে এসে দাঁড়িয়েছে যথাক্রমে ৪৬ ও ২৮। সম্প্রসারিত টিকাদান কর্মসূচির কভারেজ ৮৮% এ উন্নীত হয়েছে, যা ২০১৪ সালে ছিল ৮৬ %। মাতৃ মৃত্যু হ্রাস পেয়ে বর্তমানে প্রতি লক্ষ জীবিত জন্মে ১৭৬ এ দাঁড়িয়েছে, যা ২০১৪ সালে ছিল ১৯৪। গ্রামীণ জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিতকল্পে ১৩,৬৩৬ টি কমিউনিটি ক্লিনিক এর মধ্যে ১৩৫০০ টি ক্লিনিক যথাযথ জনবল ও পর্যাপ্ত ঔষধ দিয়ে কার্যকর ভাবে চালু করা হয়েছে, যা গ্রামীণ জনগণের স্বাস্থ্য উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। ঔষধ উৎপাদনে স্বনির্ভরতা অর্জিত হয়েছে এবং বাংলাদেশ দেশীয় ঔষধের চাহিদার প্রায় ৯৮% মিটিয়ে যুক্তরাষ্ট্র সহ পৃথিবীর ১৪৫ টি দেশে ঔষধ রপ্তানি করছে। বিগত ৩ বছরে ৮৫১ জন চিকিৎসক নিয়োগ ও ৬৬৪ জন পদায়িত হয়েছে। স্বাস্থ্যসেবার আইনগত ভিত্তি সুপ্রতিষ্ঠিত করার লক্ষ্যে মানবদেহে অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন (সংশোধন) আইন-২০১৮, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল আইন-২০১৬, সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তির জরুরী স্বাস্থ্যসেবা নীতিমালা-২০১৮, হজ্ব যাত্রী নীতিমালা-২০১৮, জাতীয় ঔষধ নীতি-২০১৬ প্রণয়ন করা হয়েছে। সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য শিশু মৃত্যুহার কাঙ্খিত হারে কমিয়ে আনতে সক্ষম হওয়ায় জাতিসংঘ কর্তৃক বাংলাদেশকে পুরস্কৃত করা হয়েছে। স্বাস্থ্য ব্যবস্থাপনায় সরকারি পর্যায়ে তথ্য প্রযুক্তির সফল প্রয়োগের স্বীকৃতি স্বরূপ বাংলাদেশকে "ডিজিটাল হেলথ ফর ডিজিটাল ডেভেলপমেন্ট" শীর্ষক সাউথ-সাউথ অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সীমিত সম্পদ ও দক্ষ মানব সম্পদের স্বল্পতা, অপ্রতুল সরঞ্জামাদি ও দুর্বল অবকাঠামো, বেসরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান/ব্যবস্থাপনার উপর সরকারের সীমিত নিয়ন্ত্রণ, চিকিৎসা ব্যয়ের সিংহভাগ (প্রায় ৬৭%) সেবা গ্রহণকারীর নিজের বহন, দ্রুত নগরায়নের ফলে অসংক্রামক ব্যাধির দ্রুত বিস্তার লাভ, ক্রম বর্ধমান জনসংখ্যার বিপরীতে চিকিৎসক ও চিকিৎসা সেবা প্রতিষ্ঠানের বৃদ্ধির অসমানুপাতিক হার।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

তৃণমূল পর্যায়ে প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে পর্যায়ক্রমে আরও ১০৩৯ টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ, ৪৫ টি ৩১ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে ৫০ শয্যায় উন্নীতকরণ এবং ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ অর্থবছরগুলোতে পর্যায়ক্রমে ১০ হাজার চিকিৎসক নিয়োগের পরিকল্পনা গ্রহণ, জনগণের পুষ্টিমান উন্নয়নে ভিটামিন-এ পরিপূরক গ্রহীতার হার ১০০ ভাগে উন্নীতকরণ, সকলের জন্য বিশেষত সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীর মৌলিক স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে সরকারি-বেসরকারি যৌথ প্রচেষ্টা জোরদার, টেলিমেডিসিন এবং ই- হেল্‌থ সার্ভিস সম্প্রসারণ, কার্যকর রেফারেল পদ্ধতি চালু করা এবং স্বাস্থ্যসেবার মানোন্নয়নে প্রয়োজনীয় আইন প্রণয়ন।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৪৭৯২ জন চিকিৎসক নিয়োগ ও স্বাস্থ্যসেবা প্রদান কারীর সংখ্যা বৃদ্ধির মাধ্যমে স্বাস্থ্য সেবা সম্প্রসারণ এবং সেবার মান বৃদ্ধি;
- স্ক্যানু (scanu) সমৃদ্ধ হাসপাতালের সংখ্যা ৭০ এ উন্নীতকরণ;
- ক্যাঙ্গারু মাদার কেয়ার (KMC) সমৃদ্ধ হাসপাতালের সংখ্যা ৭০ এ উন্নীতকরণ;
- দক্ষ ধাত্রী (এসবিএ) দ্বারা প্রসব ৪৫% এ উন্নীতকরণ;
- প্রসবপূর্ব (ন্যূনতম ৪ বার) সেবা ২৭% এ উন্নীতকরণ;
- প্রসবোত্তর (ন্যূনতম ৩ বার) সেবা ২৪% এ উন্নীতকরণ;
- জরায়ু-মুখের ক্যান্সার স্ক্রীনিংকৃত রোগীর সংখ্যা ২৬০,০০০ এ উন্নীতকরণ;
- ঔষধ কারখানা পরিদর্শনের সংখ্যা ১২২০ বারে উন্নীতকরণ; এবং
- কেন্দ্রীয় মানবসম্পদ ইনফরমেশন সিস্টেম (Central Human Resource Information System) বাস্তবায়ন;

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য সেবা বিভাগঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৮ সালের জুলাই মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

সকলের জন্য সাশ্রয়ী ও মানসম্মত চিকিৎসা সেবা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা খাতের উন্নয়নের মাধ্যমে সবার জন্য সুলভে মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করে একটি সুস্থ সবল ও কর্মক্ষম জনগোষ্ঠী গড়ে তোলা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সর্বজনীন স্বাস্থ্য সেবার সুযোগ সম্প্রসারণ
২. স্বাস্থ্য সেবার মানোন্নয়ন
৩. মা ও শিশু স্বাস্থ্যসেবা জোরদারকরণ
৪. সংক্রামক ও অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ জোরদারকরণ
৫. ঔষধ খাতের উন্নয়ন
৬. কেন্দ্রীয় মানবসম্পদ ইনফরমেশন সিস্টেম (CHRS) বাস্তবায়ন
৭. উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে বেসরকারি খাতের অংশগ্রহণ জোরদারকরণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৩. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ
৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. স্বাস্থ্যসেবা সম্প্রসারণের লক্ষে মানব সম্পদের সুষম বিন্যাস নিশ্চিত করণ;
২. স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান এবং জনগণের প্রত্যাশিত সেবার পরিধি সম্প্রসারণ;
৩. স্বাস্থ্য সংক্রান্ত যুগোপযোগী নীতিমালা প্রণয়ন এবং বাস্তবায়ন;
৪. স্বাস্থ্য ও চিকিৎসা সুবিধাদি সহ জনস্বাস্থ্য উন্নয়ন;
৫. মানসম্পন্ন ঔষধ উৎপাদন ও বিতরণ এবং আমদানি ও রপ্তানিযোগ্য ঔষধের মান নিয়ন্ত্রণ;
৬. স্বাস্থ্য সেবা সংক্রান্ত স্থাপনা নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও সম্প্রসারণ;
৭. শিশু ও মাতৃ স্বাস্থ্য সেবা, সম্প্রসারিত টিকাদান কর্মসূচি এবং পুষ্টি উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন;
৮. সংক্রামক ও অসংক্রামক ব্যাধি এবং নতুন আবির্ভূত রোগ নিয়ন্ত্রণ ও প্রতিকার; এবং
৯. স্বাস্থ্য সম্পর্কিত সকল স্থানীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে সংযোগ স্থাপন সংক্রান্ত যাবতীয় বিষয়াদি।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| গড় আয়ু বৃদ্ধি | প্রত্যাশিত আয়ুষ্কাল | বছর | ৭১.৮ | ৭১.৯ | ৭২.০০ | ৭২.১ | ৭২.২ | স্থানীয় সরকার বিভাগ ও স্বাস্থ্য সেবা বিভাগ | এসভিআরএস |
| শিশু মৃত্যু হ্রাস | নবজাতক মৃত্যু হার | প্রতি হাজার জীবিত জন্মে | ২৭ | ২৪ | ২২ | ২০ | ১৯ | স্থানীয় সরকার বিভাগ ও স্বাস্থ্য সেবা বিভাগ | বিডিএইচএস এমআইএস ডাটা |
| | ৫ বছর কম বয়সী শিশু মৃত্যু হার | প্রতি হাজারে | ৩৫.৫ | ৩৫ | ৩৪.৫ | ৩৪ | ৩৩.৫ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | বিডিএইচএস |
| মাতৃ মৃত্যু হ্রাস | মাতৃ মৃত্যু অনুপাত | প্রতি লক্ষ জীবিত জন্মে | ১৭৬ | ১৭৬ | ১৬০ | ১৪৫ | ১৩৮ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ | বিএমএমএস |
| শিশুর অপুষ্টি হ্রাস | খর্ব শিশু (৬-৫৯ মাস বয়সী) | % | ৩৬.০ | ৩৩.০ | ৩০.০ | ২৭.০ | ২৫.০ | স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, কৃষি মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | বিডিএইচএস |
| শিশু স্বাস্থ্যসেবা সম্প্রসারণ | টিকাদান কভারেজ হার (মিসেলস, রুবেলা) | % | ৮৮ (ইপিআই কভারেজ সার্ভে) | ৮৭.৭ | ৮৮.৫ | ৮৮.৭ | ৮৯ | স্থানীয় সরকার বিভাগ ও স্বাস্থ্য সেবা বিভাগ | ইপিআই কভারেজ ইভালুয়েশন সার্ভে |
| ঔষধ খাতের উন্নয়ন | ঔষধ উৎপাদনে প্রবৃদ্ধি | % | - | ১০ | ১১ | ১২ | ১৩ | স্বাস্থ্য সেবা বিভাগ, শিল্প মন্ত্রণালয় ও বাণিজ্য মন্ত্রণালয় | ডিজিডিএ |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | |
| [১] সর্বজনীন স্বাস্থ্য সেবার সুযোগ সম্প্রসারণ | ১৮ | [১.১] মানব সম্পদের সুষম বিন্যাস নিশ্চিত করা | [১.১.১] সহকারী সার্জন নিয়োগকৃত | সংখ্যা | ৩ | | ১৮৭ | ৪৫৪২ | ৪৫০০ | ৪২০০ | ৪০০০ | | ৫২০৮ | |
| | | | [১.১.২] আই সি এম মান অনুযায়ী প্রশিক্ষিত রেজিস্টার্ড মিডওয়াইফ | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ২ | | ১৮৮৩ | ২৮৫৮ | ২৭৫০ | ২৭০০ | ২৬৫০ | ২৬০০ | ২৯০০ | ২৯৫০ |
| | | | [১.১.৩] স্বাস্থ্য সেবা বিভাগে ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগকৃত | সংখ্যা (জন) | ১ | | | ৬৪ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [১.১.৪] ডেন্টাল সার্জন নিয়োগকৃত | সংখ্যা | ০.৫ | | | ২৫০ | ২৪০ | ২৩০ | ২২০ | ২০০ | | |
| | | [১.২] অবকাঠামো সম্প্রসারণ, যন্ত্রপাতি ক্রয়, সংগ্রহ, সরবরাহ ও মেরামত | [১.২.১] নির্মিত কমিউনিটি ক্লিনিক | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ২ | ১৩৫৬২ | ১৩৬৫২ | ১৩৮০২ | ১৩৭৯৭ | ১৩৭৯২ | ১৩৭৮৮ | ১৩৭৮৩ | ১৪০০০ | ১৪৩০০ |
| | | | [১.২.২] নতুন এ্যাম্বুলেন্স সরবরাহকৃত হাসপাতাল | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ১ | ৫০ | ৭০ | ১১০ | ১০৫ | ১০৩ | ১০১ | ১০০ | ১১৫ | ১২০ |
| | | | [১.২.৩] নির্মিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ১ | ৩৯১২ | ৩৯১৮ | ৩৯২৮ | ৩৯২৭ | ৩৯২৬ | ৩৯২৫ | ৩৯২৪ | ৩৯৫০ | ৩৯৭০ |
| | | | [১.২.৪] ৩১ হতে ৫০ শয্যায় উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ১ | ৩৩৮ | ৩৪৭ | ৩৫৫ | ৩৫৪ | ৩৫৩ | ৩৫২ | ৩৫১ | ৩৬৫ | ৩৭৫ |
| | | | [১.২.৫] দেশের হাসপাতাল সমূহে উন্নত প্রযুক্তি সম্পন্ন ভারী যন্ত্রপাতি সরবরাহ | তারিখ | ০.৫ | | | ৩০.০৩.১৯ | ৩০.০৪.১৯ | ৩০.০৫.১৯ | ১৫.০৬.১৯ | ৩০.০৬.১৯ | | |
| | | [১.৩] ইএসপি সেবা বৃদ্ধি নিশ্চিত করা | [১.৩.১] শিশুদের (৬-৫৯ মাস) ভিটামিন - এ খাওয়ানোর হার | % | ২ | ৯৯.৩ | ৯৯.৮ | ১০০ | | | | | ১০০.০ | ১০০.০ |
| | | | [১.৩.২] কৃমিনাশক বড়ি গ্রহণকারী শিশু (২-৫ বছর) | % | ১ | ৯৪.০ | ৯৫.০ | ৯৫.৫ | ৯৫.৪ | | | | ৯৬.০ | ৯৭.০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | | [১.৩.৩] আয়রন-ফলেট ট্যাবলেট গ্রহণকারী গর্ভবতী মা | % | ১ | | ৯৪ | ৯৮ | ৯৭ | ৯৬ | ৯৫ | ৯৪ | ৯৯ | ৯৯.৫ |
| | | [১.৪] দরিদ্রসীমার নিচে বসবাসকারী জনগণের আর্থিক প্রতিবন্ধকতা দূর করে মানসম্মত স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে গৃহীত পাইলট কর্মসূচি | [১.৪.১] দরিদ্রসীমার নিচে বসবাসকারী জনগোষ্ঠীর ডাটাবেস তৈরিকরণ | সংখ্যা | ০.৫ | | | ৮০০০০ | ৭৮০০০ | ৭৬০০০ | ৭৫০০০ | ৭৪০০০ | ১০০০০০ | |
| | | | [১.৪.২] স্বাস্থ্যসেবা কর্মসূচীর আওতাভুক্ত রোগীকে চিকিৎসা প্রদান | সংখ্যা | ০.৫ | | | ৬০০০ | ৫৮০০ | ৫৬০০ | ৫৩০০ | ৫০০০ | ৫০০০ | |
| | | | [১.৪.৩] স্বাস্থ্যসেবা কর্মসূচীর আওতাভুক্ত রোগীকে প্রদানকৃত আর্থিক সহায়তা | সংখ্যা (টাকা, কোটি) | ০.৫ | | | ২.৫০ | ২.২৫ | ২.০০ | ১.৯০ | ১.৭৫ | ৩ | |
| | | [১.৫] জনস্বাস্থ্য সুরক্ষার লক্ষ্যে আইন প্রণয়ন | [১.৫.১] মানসিক স্বাস্থ্য আইন প্রণীত (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক চূড়ান্ত অনুমোদিত) | তারিখ | ০.৫ | | | ৩১.০১.১৯ | ২৮.০২.১৯ | ৩১.০৩.১৯ | ৩০.০৪.১৯ | ৩১.০৫.১৯ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] স্বাস্থ্য সেবার মানোন্নয়ন | ১৮ | [২.১] মানসম্মত সেবার পরিধি বৃদ্ধি করা | [২.১.১] নব নিয়োগকৃতের মধ্যে দক্ষতাবিষয়ে প্রশিক্ষিত সিনিয়র স্টাফ নার্স | সংখ্যা (ক্রমপুঞ্জিভুত) | ৩ | | ১৩০০ | ৩৮০০ | ৩৬৫০ | ৩৬০০ | ৩৫৫০ | ৩৫০০ | ২৪০০ | ২৫০০ |
| | | | [২.১.২] কমিউনিটি ক্লিনিকে স্বাভাবিক প্রসব | সংখ্যা (ক্রমপুঞ্জিভুত) | ১ | ৪১০০০ | ৫৩০৮৫ | ৬০০৮৫ | ৫৮০৮৫ | ৫৬০৮৫ | ৫৪০৮৫ | ৫৩০৮৫ | ৭০০৮৫ | ৮০০৮৫ |
| | | [২.২] হাসপাতালে সেবার মান বৃদ্ধি | [২.২.১] মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করা হাসপাতালের সংখ্যা | সংখ্যা (ক্রমপুঞ্জিভুত) | ১ | | ২০ | ৩০ | ২৮ | ২৭ | ২৬ | ২৫ | ৪০ | ৫০ |
| | | | [২.২.২] জরুরী প্রসূতি ও নবজাতক সেবা নিশ্চিত করা হাসপাতালের সংখ্যা | সংখ্যা (ক্রমপুঞ্জিভুত) | ১ | | ০৭ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ৩৬ | ৫২ |
| | | | [২.২.৩] অটিসম ও নিউরোডেভেলপমেনটাল ডিসঅর্ডারে আক্রান্ত শিশুদের জন্য প্রতিষ্ঠিত শিশু বিকাশ কেন্দ্র | সংখ্যা (ক্রমপুঞ্জিভুত) | ১ | | ১৫ | ২৫ | ২৪ | ২৩ | ২২ | ২০ | ৩০ | ৫৫ |
| | | [২.৩] কিট /মেডিসিন সরবরাহ | [২.৩.১] স্ক্যানু (scanu) সমৃদ্ধ হাসপাতাল | সংখ্যা (ক্রমপুঞ্জিভুত) | ০.৫ | | ৫৪ | ৭০ | ৬৭ | ৬৪ | ৬২ | ৬০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | |
| | | [২.৪] স্বাস্থ্য শিক্ষা | [২.৪.১] স্বাস্থ্য বিষয়ে প্রশিক্ষিত প্রাথমিক স্কুলের শিক্ষক | সংখ্যা | ১ | ২৩০০ | ১৪০০ | ২৫৫০ | ২৫২৫ | ২৫০০ | ২৪৫০ | ২৪০০ | ২৬০০ | ২৬৫০ |
| | | | [২.৪.২] স্বাস্থ্য বিষয়ে প্রশিক্ষিত মাধ্যমিক স্কুলের শিক্ষক | সংখ্যা | ১ | | ১৪৪০ | ২১০০ | ২০৫০ | ২০০০ | ১৯৭৫ | ১৯৫০ | ২১৫০ | ২২০০ |
| | | | [২.৪.৩] প্রজনন স্বাস্থ্য শিক্ষা গ্রহনকারী কিশোর-কিশোরী | সংখ্যা | ১ | | ৫১০ | ৭২৮ | ৬৫০ | ৬০০ | ৫৫০ | ৫১০ | ৯৫০ | ১২৫০ |
| | | | [২.৪.৪] সড়ক দুর্ঘটনায় আহত, পানিতে নিমজ্জিত ব্যাক্তিদের জন্য প্রাথমিক চিকিৎসা বিষয়ক জনসচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম বাস্তবায়নকারী হাসপাতাল | সংখ্যা (ক্রমপুঞ্জিভুত) | ১ | | ৪০ | ১৬০ | ১৫০ | ১৪০ | ১১০ | ১০০ | ২০০ | ৩০০ |
| | | | [২.৪.৫] এনসিডি ম্যানেজম্যান্ট বাস্তবায়নকারী হাসপাতাল | সংখ্যা (ক্রমপুঞ্জিভুত) | ০.৫ | | ৫ | ৫৫ | ৫০ | ৪৮ | ৪৫ | ৪২ | ১০৫ | ১৫৫ |
| | | [২.৫] হেল্‌থ বুলেটিন ও নিউজ লেটার প্রকাশ | [২.৫.১] DGHS কর্তৃক বার্ষিক একটি হেল্‌থ বুলেটিন প্রকাশ | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ |
| | | | [২.৫.২] DGNM কর্তৃক ষান্মাসিক নার্সিং নিউজ লেটার প্রকাশ | সংখ্যা | ১ | | ০২ | ০২ | ০১ | | | | ০২ | ০২ |
| | | [২.৬] পরিবীক্ষণ ও মূল্যায়ণ | [২.৬.১] হাসপাতাল পরিদর্শন | সংখ্যা | ১ | | ৭৫ | ৮০ | ৭৮ | ৭৭ | ৭৬ | ৭৫ | ৮৫ | ৯০ |
| | | | [২.৬.২] হাসপাতাল পরিদর্শন রিপোর্ট বাস্তবায়নকৃত | % | ০.৫ | | ৭০ | ৭৫ | ৭৪ | ৭৩ | ৭২ | ৭০ | ৭৭ | ৮০ |
| | | [২.৭] হাসপাতালে চিকিৎসকদের উপস্থিতি নিশ্চিতকরণ | [২.৭.১] হাসপাতাল সমূহে চিকিৎসকদের উপস্থিতির হার | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪০ | ৩০ | ৬৫ | ৭০ |
| | | [২.৮] জেলা ও উপজেলা সদর হাসপাতালের কার্যক্রম মনিটরিং | [২.৮.১] জেলা সদর হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৮ | ৩৫ | ৫৫ | ৬০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | | [২.৮.২] উপজেলা সদর হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৮ | ৩৫ | ৫৫ | ৬০ |
| | | [২.৯] স্বাস্থ্যনীতি বাস্তবায়ন সংক্রান্ত কমিটি গঠন | [২.৯.১] স্বাস্থ্যনীতি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটি | তারিখ | ০.৫ | | | ৩১.১০.১৮ | ১৫.১১.১৮ | ৩০.১১.১৮ | ১৫.১২.১৮ | ৩১.১২.১৮ | | |
| | | [২.১০] উপজেলা রোগী কল্যাণ সমিতির কার্যক্রম মনিটরিং | [২.১০.১] উপজেলা রোগী কল্যাণ সমিতির সভা অনুষ্ঠিত | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৮ | ৩৫ | ৫৫ | ৬০ |
| [৩] মা ও শিশু স্বাস্থ্যসেবা জোরদারকরণ | ১২ | [৩.১] প্রসব সুবিধা সম্প্রসারণ | [৩.১.১] দক্ষ ধাত্রী (এসবিএ) দ্বারা প্রসব | % | ১ | ৪৩ | ৪৪ | ৪৫ | ৪৪.৭ | ৪৪.৫ | ৪৪.২ | ৪৪ | ৪৬ | ৪৭ |
| | | | [৩.১.২] প্রসবপূর্ব (ন্যূনতম ৪ বার) সেবা | % | ১ | ০ | ২২ | ২৭ | ২৬ | ২৪ | ২৩ | ২২ | ২৮ | ২৯ |
| | | | [৩.১.৩] প্রসবোত্তর (ন্যূনতম ৩ বার) সেবা | % | ১ | ০ | ২২ | ২৪ | ২৩ | ২২ | ২২ | ২২ | ২৫ | ২৬ |
| | | | [৩.১.৪] ম্যাটারনাল ও নিওনেটাল ডেথ রিভিউ বাস্তবায়নকারী জেলা | সংখ্যা | ১ | ০ | ২৪ | ৩০ | ২৮ | ২৬ | ২৫ | ২৪ | ৩২ | ৩৫ |
| | | | [৩.১.৫] ম্যাটারনাল ভাউচার স্কীম বাস্তবায়নকারী উপজেলা | সংখ্যা (ক্রমপুঞ্জিভুত) | ১ | ০ | ৫৫ | ৫৭ | ৫৬ | ৫৫ | ৫৫ | ৫৫ | ৫৯ | ৬০ |
| | | | [৩.১.৬] এসবিএ/সিএসবিএ বিষয়ে প্রশিক্ষিত স্বাস্থ্যকর্মী | সংখ্যা (ক্রমপুঞ্জিভুত) | ১ | ০ | ১১৫০৯ | ১১৫৫৫ | ১১৫৪৫ | ১১৫৪০ | ১১৫৩০ | ১১৫০৯ | ১১৬০০ | ১১৬৫০ |
| | | | [৩.১.৭] মিডওয়াইফ দ্বারা পরিচালিত ইউনিট | সংখ্যা (ক্রমপুঞ্জিভুত) | ১ | ০৫ | ৩১ | ৪৮ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩১ | ৫৫ | ৬০ |
| | | [৩.২] শিশু স্বাস্থ্য সেবা সম্প্রসারণ | [৩.২.১] জন্মের ১২ মাসের মধ্যে টিকাগ্রহনকারী শিশু | % | ১.৫ | ৮৩ | ৮৩ | ৮৬ | ৮৫.৬ | ৮৫.৪ | ৮৫.২ | ৮৫ | ৮৭ | ৮৮ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | |
| | | | [৩.২.২] ক্যাঙ্গারু মাদার কেয়ার (KMC) সমৃদ্ধ হাসপাতাল | সংখ্যা | ১.৫ | ০ | ৬০ | ৭০ | ৬৮ | ৬৫ | ৬৩ | ৬০ | ৭৫ | ৮০ |
| | | | [৩.২.৩] ইপিআই কভারেজ (এমআর) | % | ১ | ৮৮ | ৮৭.৭ | ৮৮.৫ | ৮৮.২ | ৮৮ | ৮৭.৯ | ৮৭.৭ | ৮৮.৭ | ৮৯ |
| | | | [৩.২.৪] হাসপাতালে জন্মকৃত নবজাতকের নাভীতে ৭.১% ক্লোরোহেক্সিডিন ব্যবহার | % | ১ | ৩৮ | ৪০ | ৫০ | ৪৮ | ৪৬ | ৪৩ | ৪০ | ৫৫ | ৬০ |
| [৪] সংক্রামক ও অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ জোরদারকরণ | ১০ | [৪.১] যক্ষ্মা নিয়ন্ত্রণ | [৪.১.১] যক্ষারোগী নিরাময়ের হার (সকল কেস) | % | ২ | ৯৫ | ৯৩.৩৮ | ৯৫ | ৯৪ | ৯৩ | ৯৩.৫ | ৯৩.৩৮ | ৯৫.৫ | ৯৬ |
| | | | [৪.১.২] সনাক্তকৃত যক্ষা রোগী (সকল কেস) | সংখ্যা (হাজার) | ১ | ২২৫.২০ | ১৯০.৪৬ | ২৪৩.৩০ | ২৩৮.০০ | ২৩৩.০০ | ২২৮.০০ | ২২৩.০০ | ২৫৭.৩০ | |
| | | [৪.২] এইচআইভি ও এইডস প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ জোরদারকরণ | [৪.২.১] এইচআইভি সনাক্তকরণে সম্বনিত সেবা ও সহযোগিতা গ্রহণকারী ব্যাক্তি | সংখ্যা (হাজার) | ১ | ৮৪.২ | ৭৭.৪ | ৯০ | ৮৮ | ৮৬ | ৮৫ | ৮৪ | ১০০ | ১১০ |
| | | [৪.৩] ম্যালেরিয়ার প্রকোপ হ্রাস | [৪.৩.১] ম্যালেরিয়া রোগের বার্ষিক সংক্রমণের হার | সংখ্যা (প্রতি হাজারে) | ২ | ১.৫৭ | ১.৬৫ | ১.৬০ | ১.৬২ | ১.৬৩ | ১.৬৪ | ১.৬৫ | ১.৩০ | ১.০৯ |
| | | [৪.৪] ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ রোগ নিয়ন্ত্রণ | [৪.৪.১] পূর্ণবয়স্ক ব্যক্তিদের মধ্যে উচ্চ রক্তচাপ রোগের হার নিয়ন্ত্রণ | % | ১ | | ১৭.৯ | ১৭.৬ | ১৭.৭ | ১৭.৮ | ১৭.৮ | ১৭.৯ | ১৭.৩ | ১৭.০ |
| | | [৪.৫] স্ক্রীনিং এবং রোগ নির্ণয়ের সুবিধা জোরদারকরণ | [৪.৫.১] জরায়ু-মুখের ক্যান্সার স্ক্রীনিংকৃত রোগী | সংখ্যা (হাজার) | ৩ | ২২৫ | ২৫০ | ২৬০ | ২৫৮ | ২৫৫ | ২৫২ | ২৫০ | ২৬৫ | ২৭০ |
| [৫] ঔষধ খাতের উন্নয়ন | ৯ | [৫.১] ঔষধের তত্ত্বাবধান জোরদারকরণ | [৫.১.১] ঔষধ কারখানা পরিদর্শনের সংখ্যা | সংখ্যা (বার) | ৩ | ১২৩৭ | ৯০৪ | ১২২০ | ১২১০ | ১২০০ | ১১৯০ | ১১৮০ | ১২৫০ | ১৩০০ |
| | | | [৫.১.২] ঔষধ উৎপাদনে প্রবৃদ্ধি (আর্থিক মূল্যে) | % | ২ | | ১০ | ১১ | ১০.৭৫ | ১০.৫ | ১০.২৫ | ১০ | ১২ | ১৩ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | |
| | | | [৫.১.৩] ঔষধের বিরুপ প্রতিক্রিয়া/ সমস্যা মূল্যায়নকৃত এডিআর | % | ১ | | ১০০ | ১০০ | | | | | ১০০ | ১০০ |
| | | | [৫.১.৪] ঔষধের সর্বোচ্চ খুচরা/নির্দেশক মূল্য তালিকা ওয়েবসাইটে হালনাগাদকরণ | সংখ্যা (ক্রমপুঞ্জিভুত) | ১ | ২২০০০ | ৫১৫৪৯ | ৫৭০০০ | ৫৬৭০০ | ৫৬৫০০ | ৫৬৩০০ | ৫৬০০০ | ৫৮০০০ | ৫৯০০০ |
| | | | [৫.১.৫] ঔষধ কারখানা পরিদর্শন রিপোর্ট বাস্তবায়ন | % | ১ | | ৮০ | ৮৪ | ৮৩ | ৮২ | ৮১ | ৮০ | ৮৫ | ৯০ |
| | | | [৫.১.৬] জিএমপি এবং মানদন্ড অনুযায়ী ঔষধের নমুনা পরীক্ষা | সংখ্যা | ১ | ৬০০৪ | ২৭৫৯ | ৩৭০০ | ৩৬৯০ | ৩৬৭০ | ৩৬৫০ | ৩৬০০ | ৩৭৫০ | ৩৮০০ |
| [৬] কেন্দ্রীয় মানবসম্পদ ইনফরমেশন সিস্টেম (CHRS) বাস্তবায়ন | ৫ | [৬.১] টেলিমেডিসিন সেবা | [৬.১.১] টেলিমেডিসিন সেবা সমৃদ্ধ প্রতিষ্ঠান | সংখ্যা (ক্রমপুঞ্জিভুত) | ৩ | ৬৫ | ৬৭ | ৭৫ | ৭৪ | ৭৩ | ৭২ | ৭১ | ৮০ | ৯৩ |
| | | [৬.২] মানবসম্পদ উন্নয়নে অনলাইন ডাটাবেজ তৈরীকরণ | [৬.২.১] প্রতিষ্ঠান ভিত্তিক জনবলের তথ্য নিবন্ধনকৃত | % | ১ | ৭৫ | ৭৮ | ৮৫ | ৮৪ | ৮৩ | ৮২ | ৮১ | ৯০ | ৯৫ |
| | | | [৬.২.২] এসিআর ডিজিটালাইজেশন | % | ১ | ৭৫ | ৭৮ | ৮৫ | ৮৪ | ৮৩ | ৮২ | ৮১ | ৯০ | ৯৫ |
| [৭] উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে বেসরকারি খাতের অংশগ্রহণ জোরদারকরণ | ৩ | [৭.১] পিপিপি প্রকল্প বাস্তবায়নে সক্ষমতা বৃদ্ধি | [৭.১.১] পিপিপি ফোকাল পয়েন্ট নির্ধারিত | তারিখ | ১.৫ | | | ৩১.০৭.১৮ | ০৫.০৮.১৮ | ১৯.০৮.১৮ | ৩০.০৮.১৮ | ১৩.০৯.১৮ | | |
| | | | [৭.১.২] পিপিপি সংক্রান্ত অফিসারদের জন্য আয়োজিত প্রশিক্ষণ | জন ঘণ্টা | ০.৫ | | ৩০ | ৩২.৫ | ৩২ | ৩১.৫ | ৩১ | ৩০ | ৩৫ | ৩৭.৫ |
| | | | [৭.১.৩] প্ল্যানিং সেলের অফিসারদের জন্য আয়োজিত প্রশিক্ষণ | জন ঘণ্টা | ০.৫ | | ৩০ | ৩২.৫ | ৩২ | ৩১.৫ | ৩১ | ৩০ | ৩৫ | ৩৭.৫ |
| | | [৭.২] পিপিপির আওতায় গৃহীত প্রকল্প অনুমোদন | [৭.২.১] পিপিপির আওতায় গৃহীত ৪ টি প্রকল্প সি সি ই কর্তৃক অনুমোদিত | তারিখ | ০.৫ | | | ৩১.০১.১৯ | ২৮.০২.১৯ | ৩১.০৩.১৯ | ৩০.০৪.১৯ | ৩১.০৫.১৯ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | |
| [১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত ** | % | ১ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | [১.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অনলাইন সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | | | ১৫.০১.১৯ | ১৭.০২.১৯ | ৩১.০৩.১৯ | ৩০.০৪.১৯ | ৩০.০৫.১৯ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | [১.৩.১] ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | | | ১১.০৩.১৯ | ১৮.০৩.১৯ | ২৫.০৩.১৯ | ০১.০৪.১৯ | ০৮.০৪.১৯ | | |
| | | [১.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫ | | | ১০.০১.১৯ | ১৭.০১.১৯ | ২৪.০১.১৯ | ২৮.০১.১৯ | ৩১.০১.১৯ | | |
| | | | [১.৪.২] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | [১.৫] সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | [১.৫.১] হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | | | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | | [১.৫.২] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | | | ৩১.১২.১৮ | ১৫.০১.১৯ | ০৭.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | | |
| | | [১.৬] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৬.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | | [১.৬.২] অভিযোগ নিষ্পত্তির বিষয়ে অভিযোগকারীকে অবহিতকরণ | % | ০.৫ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [১.৭] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৭.১] পিআরএল আদেশ জারীকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |
| | | | [১.৭.২] ছুটি নগদায়নপত্র জারীকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৮ | [২.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [২.১.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [২.১.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [২.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [২.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | | | ০৩.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | ২৮.০৩.১৯ | ১৫.০৪.১৯ | | |
| | | | [২.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | | | ০৩.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | ২৮.০৩.১৯ | ১৫.০৪.১৯ | | |
| | | [২.৩] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [২.৩.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত | সংখ্যা | ০.৫ | | | ১ | - | - | - | - | | |
| | | | [২.৩.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | - | - | - | | |
| | | [২.৪] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | [২.৪.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৫] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [২.৫.১] ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৬] অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | [২.৬.১] নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [২.৭] বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | [২.৭.১] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৮] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [২.৮.১] নিয়োগ প্রদানকৃত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৪ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | [৩.১.১] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | - | - | - | | |
| | | | [৩.১.২] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
